**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**

**বাংলাদেশ সচিবালয়**

**ঢাকা**

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ১৫৯/২০১৮-২০১৯**

**ঢাকা, বুধবার ১৩ ফেব্রুয়ারি ২০১৯, ০১ ফাল্গুন ১৪২৫**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে আনসার ভিডিপিকে সতর্ক থাকার আহ্বান প্রধানমন্ত্রীর

২। আগামী ১০ বছরে বিশ্ব অন্য এক বাংলাদেশ দেখবে : প্রধানমন্ত্রীকে এডিবি'র ভাইস প্রেসিডেন্ট

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জর্জিয়া ও মেসিডোনিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন

৪। প্রধানমন্ত্রী জার্মানি যাচ্ছেন আগামীকাল

৫। ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দিতে সরকার কাজ করছে : স্পিকার

৬। সড়ক দুর্ঘটনারোধে বিশেষজ্ঞদের নিয়ে কমিটি গঠন করা হবে : সেতুমন্ত্রী

৭। খালেদা জিয়ার মুক্তির জন্য বিএনপিকে আইনি প্রক্রিয়ায় এগোতে হবে : তথ্যমন্ত্রী

৮। প্রধানমন্ত্রী রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে খাদ্যের ব্যবস্থাও করেছেন : জাতিসংঘ প্রতিনিধির সঙ্গে আইনমন্ত্রী

৯। কর্মস্থলে অনুপস্থিত থাকলে আইনগত ব্যবস্থা : স্বাস্থ্যমন্ত্রী

১০। রোহিঙ্গাদের জন্য খাদ্য সংকট হবে না : সংসদে খাদ্যমন্ত্রী

১১। বর্তমানে বিশ্বের ১২১টি দেশে কৃষিপণ্য রপ্তানি হচ্ছে : সংসদে বাণিজ্যমন্ত্রী

১২। পিছিয়েপড়া উপজেলা থেকে বছরে ১ হাজার কর্মী বিদেশে পাঠানো হবে : প্রবাসীকল্যাণ প্রতিমন্ত্রী

১৩। দেশে মোট বেকারসংখ্যা ২৬ লাখ, শিক্ষিত বেকার ১০ লাখ : সংসদে শ্রম প্রতিমন্ত্রী

১৪। পাকিস্তানের একটি সরকারি ওয়েবসাইটে বঙ্গবন্ধুকে নিয়ে কটূক্তি :

পাকিস্তানের ভারপ্রাপ্ত হাইকমিশনারকে তলব করে ঢাকার প্রতিবাদ

১৫। বিচারাধীন মামলায় শিশু আসামির পরিচয় প্রকাশ করা যাবে না : হাইকোর্টের রায়

১৬। মাদক ও অস্ত্র মামলার তদন্ত ৩০ দিনে শেষ করতে হবে : হাইকোর্টের নির্দেশ

১৭। ডাক্তারদের জন্য প্র্যাকটিসিং নীতিমালা প্রণয়ন করতে সরকারকে হাইকোর্টের নির্দেশ

চলমান পাতা-২

**১। সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে আনসার ভিডিপিকে সতর্ক থাকার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক প্রতিরোধে সতর্ক থাকার পাশাপাশি একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার জন্য বাংলাদেশ আনসার ও ভিডিপি সদস্যসহ সবার প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিতে বাহিনীটির ৩৯তম জাতীয় কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। দেশের সার্বিক উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও স্থিতিশীল পরিবেশ পূর্বশর্ত উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এ পরিবেশ বজায় রাখতে আনসার ও ভিডিপি সদস্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন এবং দেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

**২। আগামী ১০ বছরে বিশ্ব অন্য এক বাংলাদেশ দেখবে : প্রধানমন্ত্রীকে এডিবি'র ভাইস প্রেসিডেন্ট**

এশিয়ান উন্নয়ন ব্যাংকের (এডিবি) সফররত ভাইস প্রেসিডেন্ট শিজিন চেন আশা প্রকাশ করেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আগামী ১০ বছরের মধ্যে বিশ্ব অন্য এক বাংলাদেশ দেখতে পাবে। গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সংসদভবন কার্যালয়ে সৌজন্য সাক্ষাতকালে তিনি এ কথা বলেন। চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় এডিবি'র ভাইস প্রেসিডেন্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান এবং তাঁর নেতৃত্বে বাংলাদেশের অসাধারণ আর্থসামাজিক অগ্রগতির প্রশংসা করেন। শিজিন বলেন, তিনি বিশ্বাস করেন আর্থসামাজিক ক্ষেত্রে যে অগ্রগতি হয়েছে তাতে আগামী ১০ বছরে এ দেশ ভিন্ন এক বাংলাদেশে পরিণত হবে। প্রধানমন্ত্রী বলেন, উন্নয়নের জন্য ধারাবাহিকতা একটি প্রধান ফ্যাক্টর। বাংলাদেশ এখন সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদের মতো মানবসৃষ্ট যে কোনো দুর্যোগ মোকাবিলায় সক্ষম। 'ডেল্টাপ্ল্যান ২১০০' বাস্তবায়নে প্রধানমন্ত্রী এডিবি'র সহযোগিতা কামনা করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জর্জিয়া ও মেসিডোনিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চতুর্থ মেয়াদে বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্বভার গ্রহণ করায় জর্জিয়ার প্রধানমন্ত্রী মামুকা বাখতাদেজ ও মেসিডোনিয়ার প্রধানমন্ত্রী জোয়ান জায়েভ গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) পৃথক বার্তায় তাঁকে অভিনন্দন জানিয়েছেন। জর্জিয়ার প্রধানমন্ত্রী এক অভিনন্দন বার্তায় বলেন, ঘোষিত আন্তর্জাতিক আইনের নীতিমালায় বাংলাদেশ এবং জর্জিয়া সকল খাতে পারস্পরিক আস্থা তৈরি করেছে। বাংলাদেশের প্রধানমন্ত্রীর কাছে পাঠানো অপর এক বার্তায় মেসিডোনিয়ার প্রধানমন্ত্রী পারস্পরিক স্বার্থে বাংলাদেশ ও মেসিডোনিয়ার মধ্যে সহযোগিতার সম্পর্ক আরও জোরদার হবে বলে আশা প্রকাশ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৪। প্রধানমন্ত্রী জার্মানি যাচ্ছেন আগামীকাল**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) সরকারি সফরে জার্মানি যাচ্ছেন। সেখানে আগামী ১৫-১৭ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য মিউনিখ নিরাপত্তা সম্মেলন-২০১৯ এ অংশ নেবেন তিনি। সফরকালে জার্মানির চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেলের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দ্বিপাক্ষিক বৈঠক হওয়ার কথা রয়েছে। মিউনিখ নিরাপত্তা সম্মেলন-২০১৯-এর ফাঁকে দ্বিপাক্ষিক বৈঠকটি হতে পারে। যাতে অভিন্ন স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে উভয়পক্ষ আলোচনা করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৩)।

**৫। ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দিতে সরকার কাজ করছে : স্পিকার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকার ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দিতে কাজ করছে বলে জানিয়েছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংসদভবন কার্যালয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের কর্মকর্তারা সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। এ সময় কর্মকর্তারা ২০১৭-১৮ সালের এনার্জি রেগুলেটরি কমিশনের বার্ষিক প্রতিবেদন স্পিকারের কাছে হস্তান্তর করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৬। সড়ক দুর্ঘটনারোধে বিশেষজ্ঞদের নিয়ে কমিটি গঠন করা হবে : সেতুমন্ত্রী**

মহাসড়কে একের পর এক দুর্ঘটনাকে সবচেয়ে বড় দুর্ভাবনার বিষয় হিসেবে দেখছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, আমি নিজেই বলেছি সড়কে শৃঙ্খলা আসেনি। অবকাঠামোগত প্রকল্পে যত অগ্রগতি, সে তুলনায় সড়ক ও পরিবহণে শৃঙ্খলা অতটা হয়নি। যে কারণে অ্যাক্সিডেন্ট ও যানজট রয়েছে। গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সম্মেলনকক্ষে তিনি এ কথা বলেন।

দুর্ঘটনা কমিয়ে আনার পদক্ষেপ সম্পর্কে মন্ত্রী বলেন, শীঘ্রই সড়ক নিরাপত্তা কাউন্সিলের সভা ডাকা হবে। কমিটি সাজানো হবে নতুন করে। নতুনভাবে প্রোগ্রাম নেওয়ার চিন্তাভাবনা করছি। নিরাপত্তা কাউন্সিলের সভায় সড়ক বিশেষজ্ঞদের নিয়ে কমিটি করে দেব। তাদের কাছ থেকে অল্প দিনের ব্যবধানে প্রতিবেদন চাইব। পরে যদি টাস্কফোর্স করতে হয় তাও করব। তিনি বলেন, জাতীয় স্বার্থে সড়ক দুর্ঘটনার লাগাম টেনে ধরতে হবে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৭। খালেদা জিয়ার মুক্তির জন্য বিএনপিকে আইনি প্রক্রিয়ায় এগোতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, খালেদা জিয়া বা কোনো বন্দিকে মুক্তি দেওয়ার এখতিয়ার প্রধানমন্ত্রীর নেই। এ এখতিয়ার আদালতের। বিএনপি'র জ্যেষ্ঠ যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী বারবার একই আহ্বান জানিয়ে প্রকৃতপক্ষে আদালতের প্রতি অশ্রদ্ধা জানাচ্ছেন, আইন আদালতের প্রতি বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করছেন, যা সমীচীন নয়। এতে দেশের আইনের শাসনকে, আইন-আদালতকে প্রকৃতপক্ষে আন্ডারমাইন করা হচ্ছে। প্রধানমন্ত্রী নয়, দোষ স্বীকার করে রাষ্ট্রপতির কাছে ক্ষমা চাইলে তিনি বেগম খালেদা জিয়াকে মুক্তি দিতে পারেন। সমসাময়িক বিষয় নিয়ে গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে এক সংবাদসম্মেলনে তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের প্রচার সম্পাদক এমন মন্তব্য করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**৮। প্রধানমন্ত্রী রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে খাদ্যের ব্যবস্থাও করেছেন : জাতিসংঘ প্রতিনিধির সঙ্গে আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যক্তিগত উদ্যোগে রোহিঙ্গাদের বাংলাদেশে আশ্রয় দিয়েছেন, তাদের খাদ্যের ব্যবস্থা করেছেন। বাকি সব ইস্যুও আমরা অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখছি এবং মিয়ানমারের সঙ্গে আমরা এ বিষয়ে সকল পর্যায়ে আলাপ-আলোচনাও করে যাচ্ছি। গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে নিজ দফতরে জাতিসংঘ মহাসচিবের 'সেক্সচুয়াল ভায়োলেন্স ইন কনফ্লিক্ট' সংক্রান্ত বিশেষ প্রতিনিধি প্রমীলা প্যাটেনের সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের এ কথা বলেন আইনমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬), **নিউ এজ** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**৯। কর্মস্থলে অনুপস্থিত থাকলে আইনগত ব্যবস্থা : স্বাস্থ্যমন্ত্রী**

যেসব চিকিৎসক কর্মস্থলে অনুপস্থিত থাকবেন, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর তোপখানা রোডের বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ) মিলনায়তনে আয়োজিত 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাঃ বাংলাদেশে স্বাস্থ্যখাতে করণীয়' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী আরও বলেন, দায়িত্ব পালনে অবহেলার কোনো প্রমাণ পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**১০। রোহিঙ্গাদের জন্য খাদ্য সংকট হবে না : সংসদে খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার সংসদে এক প্রশ্নের জবাবে জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ বাংলাদেশ খাদ্য উদ্বৃত্তের দেশে পরিণত হয়েছে। রোহিঙ্গাদের বাড়তি চাপেও দেশে আপাতত খাদ্য সংকট দেখা দেওয়ার কোনো সম্ভাবনা নেই। খাদ্য অধিদপ্তরের সাথে বিশ্ব খাদ্য কর্মসূচির মাঝে সম্পাদিত এমওইউ'র মাধ্যমে রোহিঙ্গাদের খাদ্যশস্য সরবরাহ করা হচ্ছে। আরেক প্রশ্নের জবাবে খাদ্যমন্ত্রী জানান, দেশে বর্তমানে **১৫** লাখ **৩০** হাজার **৩১৭** মেট্রিক টন খাদ্যশস্য মজুদ রয়েছে। এর মধ্যে চাল **১৩** লাখ **৫৩** হাজার **৪৪২** মেট্রিক টন, গম **১** লাখ **৭৫** হাজার **৫২৬** মেট্রিক টন ও ধানের পরিমাণ **১** হাজার **৩৪৯** মেট্রিক টন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬)।

**১১। বর্তমানে বিশ্বের ১২১টি দেশে কৃষিপণ্য রপ্তানি হচ্ছে : সংসদে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, বর্তমানে বিশ্বের **১২১**টি দেশে **৬৭৩** দশমিক **৭০** মিলিয়ন মার্কিন ডলার মূল্যের কৃষিপণ্য রপ্তানি হচ্ছে। গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, কৃষিজাত পণ্যের অধিকহারে রপ্তানি বাড়াতে সরকার নতুন পরিকল্পনা গ্রহণ করেছে। সে লক্ষ্যে বিদ্যমান রপ্তানি নীতিতে কৃষি ও কৃষিজাত পণ্যকে সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**১২। পিছিয়েপড়া উপজেলা থেকে বছরে ১ হাজার কর্মী বিদেশে পাঠানো হবে : প্রবাসীকল্যাণ প্রতিমন্ত্রী**

জাতীয় সংসদে গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) এক প্রশ্নোত্তরপর্বে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমেদের পক্ষে শ্রম প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান বলেন, সরকার অভিবাসনে পিছিয়েপড়া জেলাসমূহের প্রত্যেক উপজেলা থেকে প্রতি বছর গড়ে ১ হাজার কর্মী বিদেশে পাঠানোর পরিকল্পনা গ্রহণ করেছে। বাংলাদেশ থেকে বিশ্বের ১৬৮টি দেশে কর্মী পাঠানো হচ্ছে উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিদেশগামী কর্মীদের ডাটাবেইজে সব তথ্য সন্নিবেশন করা হয়। ভবিষ্যতে বিদেশফেরত কর্মীদের জন্য পৃথক ডাটাবেইজ প্রস্তুতের পরিকল্পনা সরকারের রয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **যুগান্তর** (পৃ.১৬,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**১৩। দেশে মোট বেকারসংখ্যা ২৬ লাখ, শিক্ষিত বেকার ১০ লাখ : সংসদে শ্রম প্রতিমন্ত্রী**

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান বলেছেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সম্প্রতি প্রকাশিত শ্রমশক্তি জরিপ অনুযায়ী ২০১৬-১৭ অর্থবছরে সারাদেশে বেকারের সংখ্যা ২৬ লাখ ৭৭ হাজার। এরমধ্যে ১০ লাখ ৪৩ হাজার শিক্ষিত তরুণ-তরুণী যারা উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর পাস। অর্থাৎ শিক্ষিত বেকারের সংখ্যা প্রায় ৪০ শতাংশ। গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে প্রতিমন্ত্রী এসব তথ্য জানান। প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার বেকার যুবসমাজকে বেকারত্ব থেকে মুক্ত করার লক্ষ্যে কর্মসংস্থান ও অন্যান্য সুবিধার মাধ্যমে স্বাবলম্বী করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, বাংলাদেশের বিপুল জনসংখ্যাকে দক্ষতাভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও কর্মমুখী জনশক্তিতে রূপান্তরের লক্ষ্যে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কাউন্সিল গঠন করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৩), **নিউ এজ** (শেষ পৃ,ক.২)।

**১৪। পাকিস্তানের একটি সরকারি ওয়েবসাইটে বঙ্গবন্ধুকে নিয়ে কটূক্তি :**
**পাকিস্তানের ভারপ্রাপ্ত হাইকমিশনারকে তলব করে ঢাকার প্রতিবাদ**

বাংলাদেশ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে পাকিস্তানের একটি সরকারি ওয়েবসাইটে কুরুচিপূর্ণ মন্তব্যের তীব্র প্রতিবাদ জানিয়েছে ঢাকা। গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) বাংলাদেশে পাকিস্তানের ভারপ্রাপ্ত হাইকমিশনার শাহ ফয়সাল কাকারকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব করে এ প্রতিবাদ জানানো হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (দক্ষিণ এশিয়া) তারিক মোহাম্মদ পাকিস্তানি দূতকে তলব করে প্রতিবাদলিপিটি হস্তান্তর করেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**১৫। বিচারাধীন মামলায় শিশু আসামির পরিচয় প্রকাশ করা যাবে না : হাইকোর্টের রায়**

শিশু আদালতে বিচারাধীন কোনো মামলায় শিশুর নাম, ঠিকানা, ছবি বা তার পরিচিতি প্রচারে গণমাধ্যমকে সতর্ক থাকতে বলেছে হাইকোর্ট। এ বিষয়ে জারি করা এক রুলের শুনানি শেষে গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি রজিক আল জলিলের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.২)।

**১৬। মাদক ও অস্ত্র মামলার তদন্ত ৩০ দিনে শেষ করতে হবে : হাইকোর্টের নির্দেশ**

সকল মাদক ও অস্ত্র মামলার তদন্ত এক মাসের মধ্যে সম্পন্ন করতে তদন্তকারী কর্মকর্তাদের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এ সময়ের মধ্যে তদন্ত শেষ করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট আদালতের কাছে তাদেরকে ব্যাখ্যা দিতে বলা হয়েছে। এছাড়া মাদক ও অস্ত্র মামলার তদন্ত তদারকির জন্য প্রতিটি জেলায় মনিটরিং সেল গঠন করতে পুলিশের আইজিকে নির্দেশ দেওয়া হয়েছে। এ সংক্রান্ত এক মামলার শুনানি শেষে বিচারপতি জাহাঙ্গীর হোসেন সেলিম ও বিচারপতি মো. রিয়াজউদ্দিন খানের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) এ আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১০,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**১৭। ডাক্তারদের জন্য প্র্যাকটিসিং নীতিমালা প্রণয়ন করতে সরকারকে হাইকোর্টের নির্দেশ**

সরকারি ও বেসরকারি চিকিৎসকদের জন্য পূর্ণাঙ্গ প্র্যাকটিসিং গাইডলাইন (নীতিমালা) প্রণয়নের লক্ষ্যে একটি স্বাধীন মেডিকেল কমিশন গঠনে সরকারকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। ঐ কমিশনে অভিজ্ঞ চিকিৎসক ও দক্ষ ব্যক্তিদের রাখতে বলা হয়েছে। এক রিট আবেদনের প্রেক্ষিতে বিচারপতি এফ আর এম নাজমুল আহসান ও

বিচারপতি কে এম কামরুল কাদেরের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (১২ ফেব্রুয়ারি মঙ্গলবার) এ আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**=৫=**

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** আগামী পাঁচ বছরে দেড় কোটি মানুষের কর্মসংস্থানের প্রতিশ্রুতি দিয়েছে নতুন সরকার। এ প্রতিশ্রুতি বাস্তবায়নে যথাযথ উদ্যোগ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **সমকাল, যুগান্তর, সংবাদ, নিউ এজ :** ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ ডাকসু নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে উল্লেখ করে নির্বাচন শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানে গুরুত্বারোপ।

**গ.** **ইনকিলাব :** ঢাকা শহরের চারপাশ দিয়ে প্রবাহিত চারটি নদী বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, তুরাগ ও বালু নদীর প্রবাহ এখন ক্রমাগত দখলবাজিতে সংকীর্ণ হয়ে পড়েছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে দখল ও দূষণরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঘ.** **যায়যায়দিন :** হুন্ডি প্রতিরোধে কড়াকড়ি ও ব্যাংকিং চ্যানেলে দেশে টাকা পাঠাতে সরকারের নানা উদ্যোগ, সেই সঙ্গে ডলারের বিপরীতে টাকা বেশি পাওয়ায় ব্যাংকিং চ্যানেলে বেড়েছে রেমিট্যান্স প্রবাহ উল্লেখ করে এ ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **বণিক বার্তা :** বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনে বলা আছে যাত্রার সাত বছরের মধ্যে স্থায়ী ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম শুরু করতে হবে যা বেশিরভাগ বেসরকারি বিশ্ববিদ্যালয় মানছে না উল্লেখ করে এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়কে আইনগত ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**চ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস :** অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাসের কারণে দেশে তরুণ বয়সেই স্থূলতা, ডায়বেটিসে আক্রান্তের হার বাড়ছে উল্লেখ করে এ ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

**ছ.** **নিউ এজ :** শিশু অধিকার সুরক্ষায় নজর দেওয়ার সুপারিশ।

**জ.** **ডেইলি সান :** অরক্ষিত রেলক্রসিং অনেক দুর্ঘটনার কারণ হয় উল্লেখ করে সুরক্ষিত রেলক্রসিং তৈরির ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সরকারের নানামুখী শুদ্ধি অভিযান যদি অব্যাহত থাকে তা হলে সমাজ থেকে মাদকের ভয়াবহ বিস্তার রোধ করা এবং দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়া কোনো কঠিন বিষয় নয়।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'বাংলা কেন আমাদের ব্যবহারিক ভাষা হতে পারছে না'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বাংলা ভাষা-সংস্কৃতি ও সমাজ জীবনকে হিন্দী অপসংস্কৃতির গ্রাস থেকে মুক্ত করার সার্বিক প্রচেষ্টা চালাতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা